## রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| অধিবেশন নং | ঃ | ২২/২০২১ |
| সভার তারিখ | ঃ | ২৬-০৭-২০২১ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১০.৩০ টা |
| সভাপতি | ঃ | জনাব অনিল কুমার সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "ক"(সংযুক্ত)
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "খ"(সংযুক্ত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পঠন, অনুমোদন ও দৃঢ়ীকরণ।
সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় জুলাই/২০২১ মাসে ইউরিয়া-৬৮৭.০০ মেট্রিক টন, টিএসপি-১০৫.০০ মেট্রিক টন, এমওপি-১৭৩.০০ মেট্রিক টন এবং ডিএপি-৩৮০.০০ মেট্রিক টন বরাদ্দ পাওয়া গিয়েছে। ২৬/০৭/২০২১তারিখ পর্যন্ত সারের পরিমান ইউরিয়া ঃ উত্তোলিত -৫৫৬.০০ মেঃ টন, বিতরণকৃত ৩৮৭.০০ মেঃ টন, ও মজুদকৃত-৪৩১.০০ মেঃ টন; টিএসপি ঃ উত্তোলিত-৬৩.০০ মেঃ টন, বিতরণকৃত-৬০.০০ মেঃ টন ও মজুদকৃত-৫৪.০০ মেঃ টন; এমওপি ঃ উত্তোলিত-১৫৬.০০ মেঃ টন, বিতরণকৃত-১১৭.৫ মেঃ টন ও মজুদকৃত-১৭৪.০০ মেঃ টন এবং ডিএপি ঃ উত্তোলিত-২০৯.২৫ মেঃ টন, বিতরণকৃত-২২২.২৫ মেঃ টন ও মজুদকৃত-২৭৯.০০ মেঃ টন। বর্তমানে অত্র উপজেলায় ইউরিয়া ও নন ইউরিয়া সারের কোন ঘাটতি নাই এবং সরকার নির্দ্ধারিত মূল্যে সার বিক্রয় হচ্ছে। | ইউরিয়া ও নন-ইউরিয়া সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক হওয়ায় বিসিআইসি ও বিএডিসি প্রতিনিধি/ডিলারদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। কোন অবস্থায় চলতি মৌসুমে যাতে ইউরিয়া ও নন-ইউরিয়া সারের কৃত্রিম সংকট সৃষ্টি না হয় সে ব্যাপারে ডিলারদের কে সতর্ক থাকার জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে নজরদারী বাড়ানোর জন্য উপজেলা কৃষি অফিসার মহোদয়কে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, বাগমারা |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত করোনার নমুনা সংগ্রহ করা হচ্ছে এবং সে সাথে করোনা ভ্যাকসিন প্রদান করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। | সকলকে ভ্যাকসিন প্রদানের উদ্বুদ্ধ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে সভায় অনুরোধ করেন। | সকল ইউপি চেয়ারম্যান |
| ০৩ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, সকল ভাতাভোগীর কে সুষ্ঠুভাবে ভাতা বিতরণ কার্যক্রম চলছে। আও সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করছি। | উপজেলা সমাজ সেবা দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজ সেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন করোনায় শিক্ষার ব্যাপক ক্ষতি হয়েছে। করোনার কারণে শিক্ষা প্রতিষ্ঠান খোলা সম্ভব হচ্ছেনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে ধন্যবাদ জানানো হয় ও করোনা কালীন অনলাইনে শিক্ষা কার্যক্রম চালু রাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৫ | উপজেলা মৎস্য অফিসার সভায় বলেন করোনাকালীন অত্র দপ্তরের গৃহীত সকল প্রকল্প চালু রয়েছে এবং দপ্তরের কাজ স্বাভাবিক রয়েছে। | করোনা কালীন তার দপ্তরের চলমান প্রকল্পের কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, বাগমারা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন সভায় বলেন ভিজিএফ এবং জিআর চাল সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে। তাছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয় । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ০৭ | উপজেলা সমন্বয়কারী সভায় জানান করোনার সময়ে পান বরজ ও কৃষি কাজের জন্য আমরা ক্ষুদ্র ঋণ প্রদান করা হচ্ছে। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক বলে সভাকে জানান। | কৃষকদের স্বাবলম্বী করার লক্ষ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারীকে অনুরোধ করা হয় । | উপজেলা সমন্বয়কারী |
| ০৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন বর্তমানে সার্বিক পরিস্থিতি বিবেচনা করে কিশোর -কিশোরী ক্লাবের কার্যক্রম চলানো হচ্ছে । তাছাড়ও আমার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে । | কিশোর -কিশোরী ক্লাবের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাগমারা |
| ০৯ | তথ্য সেবা কর্মকর্তা সভায় বলেন সীমিত আকারে কার্যক্রম চলমান রয়েছে । তিনি বলেন গত মাসে ৯০০ জনকে সেবা প্রদান করা হয়েছে । | সুষ্ঠুভাকে সেবা নিশ্চিত করার জন্য তথ্য অফিসার অনুরোধ করা হয় । | তথ্য সেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার বলেন করোনার কারণে শিক্ষা প্রতিষ্ঠান সমূহ প্রায় ২ বছর ধরে বন্ধ রয়েছে । সংক্ষিপ্ত আকারে সিলেবাস তৈরী করে বাংলাদেশ বেতারের মাধ্যমে ক্লাশ কার্যক্রম চালু হবে। বর্তমান নির্দেশনা সকল বিদ্যালয়ে পাঠানো হয়েছে। তাছাড়াও তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বাংলাদেশ বেতারে প্রচারিত ক্লাশ সমূহে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার কে অনুরোধ করা হয় । | উপজেলা শিক্ষা অফিসার, বাগমারা |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বলেন তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক। সুষ্ঠু ও সুন্দরভাবে সকল কার্যক্রম পরিচালনা হচ্ছে। | তাঁর উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয় । | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগমারা |
| ১২ | ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার সভায় বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে । | সুষ্ঠুভাবে দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য ইন্সট্রাক্টরকে অনুরোধ করা হয় । | ইন্সট্রাক্টর,উপজেলা রির্সোস সেন্টার |
| ১৩ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ)সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। উপজেলা পুকুরের খনন কাজ চলমান। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সহকারী প্রকৌশলী (বিএমডিএ)কে অনুরোধ করা হয় । | সহকারী প্রকৌশলী (বিএমডিএ), বাগমারা |
| ১৪ | চেয়ারম্যান, হামিরকুৎসা ইউপি সভায় জানান জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সর্ব্বোচ চেষ্টা করা হচ্ছে । তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় থাকার জন্য এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য চেয়ারম্যান হামিরকুৎসা ইউপিকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, হামিরকুৎসা ইউপি |
| ১৫ | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে । | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য চেয়ারম্যান শ্রীপুর ইউপিকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি |
| ১৬ | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি সভায় জানান ১০ টাকা কেজির চাউল সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে এবং তাছাড়াও তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে । | ১০ টাকা কেজির চাউল সুষ্ঠুভাবে বিতরণ এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য চেয়ারম্যান গোয়ালকান্দি ইউপিকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান যোগীপাড়া ইউপি সভায় বলেন জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সর্ব্বোচ চেষ্টা করা হচ্ছে এবং তার ইউপির কার্যক্রম স্বাভাবিক। | জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সর্ব্বোচ চেষ্টা করা হচ্ছে এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য চেয়ারম্যান যোগীপাড়া ইউপিকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, যোগীপাড়া ইউপি |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(অনিল কুমার সরকার)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০২.০২.০৩৫.২০১৬০২(৫০)

তারিখ : ১১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল :**

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)

০২। সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। পরিচালক, স্হানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪। জেলা প্রশাসক, রাজশাহী

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী

০৭। উপজেলা ........................................................অফিসার,বাগমারা, রাজশাহী

০৮। চেয়ারম্যান..........................................................ইউপি,বাগমারা, রাজশাহী

০৯। জনাব........................................................................ বাগমারা, রাজশাহী।

২৬.০৭.২০২১

(শরিফ আহম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী
ফোন-০৭২২২৫৬০০১
email.unobagmara@mopa.gov.bd